# বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র

## ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫-২৬
## কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট
### MCQ অংশ

১. 'আহ্বান' গল্পে তিতিরাজ গাছে কোন লতা দুলছিল?
ⓚ তেলাকুচ-লতা ⓚ স্বর্ণলতা
ⓖ মাধবীলতা ⓖ মাকাল-লতা ঘ

২. 'আপনাগো দেশটা বড় জাহেলের দেশ।'- এই বাক্যে 'জাহেল' শব্দটির উৎস ভাষা কোনটি?
ক ফারসি খ আরবি
গ উর্দু ঘ হিন্দি খ

৩. 'জলধি' উচ্চারণ-
ক জলোধি খ জোলোধী
গ জোলোধি ঘ জোলধি ক

৪. 'যেমন কুকুর, তেমন মুগুর'- এখানে 'যেমন-তেমন'-
ক সাপেক্ষ সর্বনাম খ আত্মবাচক সর্বনাম
গ নির্দেশক সর্বনাম ঘ সাকুল্যবাচক সর্বনাম ক

৫. 'ইহার গতি সহজ, দীপ্তি নির্মল, সৌন্দর্যের শুচিতা অপূর্ব।'-বাক্যাংশটি কোন রচনার অন্তর্গত?
ক আমার পথ খ মানব-কল্যাণ
গ অপরিচিতা ঘ বিলাসী গ

৬. কলকাতায় ব্যাবসা করার অনুমতি পাবার জন্য ইংরেজরা মানিকচাঁদকে কত টাকা নজরানা দিয়েছিল?
ক সতেরো হাজার খ আঠারো হাজার
গ তেরো হাজার ঘ বারো হাজার ঘ

৭. কোন শব্দ বা শব্দগুচ্ছ 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় নেই?
ক ভরপুর খ সন্ত্রাস
গ মানবিক বাগান ঘ আবাহন ঘ

৮. 'গমনের ইচ্ছা'কে এককথায় কী বলে?
ক জুগুপ্সা খ গমনেচ্ছা
গ জিগমিষা ঘ জঙ্গম গ

৯. কোন শব্দগুচ্ছতে আভিধানিক-ক্রম সঠিক?
ক অনাবিল, অনাবৃষ্টি, অনুষ্ঠান, অমিল
খ সন্তুষ্ট, স্মরণীয়, স্বাধীনতা, স্মৃতি
গ কষ্ট, কলুষতা, কর্কশ, কন্যা
ঘ দ্বাপ, দ্বৈপায়ন, দিশা, দৃষ্টি ক

১০. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন-
ক আখতারুজ্জামান ইলিয়াস
খ শামসুর রাহমান
গ জসীমউদ্দীন
ঘ সৈয়দ ওয়ালীউল্লাহ্ গ

১১. 'বুকের ভেতর দারুণ ঝড়, বুক পেতেছি গুলি কর।'-কোন ধরনের বাক্য?
ক সরল খ যৌগিক
গ জটিল ঘ মিশ্র খ

১২. কোন শব্দে 'আধিক্য' অর্থে 'পরা' উপসর্গ ব্যবহৃত হয়েছে?
ক পরাক্রান্ত খ পরামর্শ
গ পরাধীন ঘ পরাগায়ণ ক

১৩. কোন শব্দগুচ্ছ শুদ্ধ?
ক অধিকারিনী, সহমর্মী, সত্যবাদিনী
খ শিরোধার্য, যশলাভ, স্মরনীয়
গ দূরদর্শী, মরুদ্যান, ছন্দোবন্ধ
ঘ অহোরাত্র, স্বায়ত্তশাসন, ভূয়োদর্শী ঘ

১৪. 'বিদ্রোহী' কবিতায় কোন নাম নেই?
ক চেঙ্গিস খাঁ খ তোগলক খাঁ
গ পরশুরাম ঘ ইস্রাফিল ক

১৫. 'Glossary' শব্দের বাংলা পরিভাষা কোনটি?
ক মুদির দোকান খ পরিশিষ্ট
গ নির্ঘণ্ট ঘ গ্রন্থপঞ্জি ঘ

### লিখিত অংশ

১. অনুচ্ছেদটি পড়ো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:
আমার বলিতে দ্বিধা নাই যে, আমি আজ তাঁহাদেরই দলে, যাঁহারা কর্মী নন- ধ্যানী। যাঁহারা মানব জাতির কল্যাণ সাধন করেন সেবা দিয়া, কর্ম দিয়া, তাঁহারা মহৎ যদি না-ই হন, অন্তত ক্ষুদ্র নন। ইহারা থাকেন শক্তির পেছনে বুধির ধারার মতো গোপন, ফুলের মাঝে মাটির মমতা-রসের মতো অলক্ষ্যে। আমি কবি- বনের পাখির মতো স্বভাব আমার গান করার। কাহারও ভালো লাগিলেও গাই, ভালো না লাগিলেও গাহিয়া যাই। বায়স-ফিঙে যখন বেচারা গানের পাখিকে তাড়া করে, তীক্ষ্ণ চঞ্চু দ্বারা আঘাত করে, তখনও সে এক গাছ হইতে উড়িয়া আন গাছে গিয়া গান ধরে। তাহার হাসিতে গান, তাহার কান্নায় গান। সে গান করে আপন মনের আনন্দে, যদি তাহাতে কাহারও অলসতন্দ্রা মোহনিদ্রা টুটিয়া যায়, তাহা একান্ত দৈব। যৌবনের সীমা পরিক্রমণ আজও আমার শেষ হয় নাই। কাজেই আমি যে গান গাই, তাহা যৌবনের গান। তারুণ্যের ভরা-ভাদরে যদি আমার গান জোয়ার আনিয়া থাকে, তাহা আমার অগোচরে; যে চাঁদ সাগরে জোয়ার জাগায়, সে হয়ত তাহার শক্তি সম্বন্ধে আজও না-ওয়াকিফ।

ক. কল্যাণের ধারণার সঙ্গে আনন্দ কীভাবে সমন্বিত হতে পারে?
খ. 'তাহার হাসিতে গান, তাহার কান্নায় গান।'- বুঝিয়ে লেখো।
গ. 'বুধির' শব্দের দুইটি প্রতিশব্দ লেখো।
ঘ. শব্দার্থ লেখো: চঞ্চু, পরিক্রমণ
ঙ. পদ নির্ণয় করো: ওয়াকিফ, অগোচরে

**উত্তর:**

ক. কল্যাণের ধারণার সঙ্গে আনন্দ সমন্বিত হতে পারে নিঃস্বার্থ সেবার মাধ্যমে। লেখক মনে করেন, যারা সেবাকর্মের মাধ্যমে মানুষের কল্যাণ করেন, তারা শক্তির পেছনে রক্তের ধারার মতো বা ফুলের মাঝে মাটির মমতা-রসের মতো অলক্ষ্যে থেকে কাজ করেন। অর্থাৎ কাজ যখন অন্তরের আনন্দ ও ভালোবাসার জায়গা থেকে করা হয় তখনই কেবল তা কল্যাণের ধারণার সঙ্গে আনন্দ সমন্বিত হতে পারে।

খ. উদ্ধৃত অংশটি দ্বারা লেখক সৃষ্টিশীল সত্তার চিরন্তন ও অবিরাম বহিঃপ্রকাশকে বুঝিয়েছেন। বনের পাখি যেমন যেকোনো পরিস্থিতিতেও তার গান থামায় না, লেখকের স্বভাবও ঠিক তেমনই। কারণ লেখকের জীবনের হাসিকান্না কোনোটাই তার সৃজনশীলতার পথে বাধা হয়ে দাঁড়ায় না বরং তা শিল্পে রূপান্তরিত হয়। কেননা, লেখকের সৃজনশীলতা বাহ্যিক নয় তা প্রাণের গভীর তাগিদ থেকে উৎসারিত।

গ. 'রুধির' শব্দের দুইটি প্রতিশব্দ হলো– রক্ত এবং লোহিত।

ঘ. চঞ্চু– পাখির ঠোঁট।
পরিক্রমণ– ঘুরে বেড়ানো বা প্রদক্ষিণ করা।

ঙ. ওয়াকিফ– বিশেষণ; অগোচরে ক্রিয়াবিশেষণ।

২. **সারাংশ লেখো:** ৫

জীবন বৃক্ষের শাখায় যে ফুল ফোটে, তাই মনুষ্যত্ব। বৃক্ষের গোড়ায় জল ঢালতে হবে এই ফুলের দিকে লক্ষ রেখে। শুধু শুধু মাটির রস টেনে গাছটা মোটাসোটা হয়ে উঠবে এই ভেবে কোনো মালী গাছের গোড়ায় জল ঢালে না। সমাজব্যবস্থাকেও ঠিক করতে হবে মানুষকে খাইয়েদাইয়ে মোটা করে তোলার জন্য নয়, মানুষের অন্তরে মূল্যবোধ তথা সৌন্দর্য, প্রেম ও আনন্দ সম্বন্ধে চেতনা জাগিয়ে তোলার উদ্দেশ্যে। যখন এই চেতনা মানুষের অন্তরে জাগে তখন এক আধ্যাত্মিক সুষমায় তার জীবন পরিপূর্ণ হয়ে ওঠে এবং তারই প্রতিফলনে সমস্ত জগৎ আলোকময় হয়ে দেখা দেয়।

**উত্তর:** বৃক্ষসদৃশ মানবজীবনে ফুল হলো মনুষ্যত্ব। জীবনকে ফুলের মতো ফুটিয়ে তোলার অর্থ মনুষ্যত্ব বিকশিত করা। মনুষ্যত্ব মানবজীবনের এক অন্যতম শ্রেষ্ঠ গুণ, যা মানুষকে প্রেম, সৌন্দর্য ও আনন্দময় চিত্তের অধিকারী করে তোলে। সুন্দর জীবনের পথ দেখায়।

৩. **শব্দ ও ভাষারীতি শুদ্ধ করো:** ৫

পুত্রের পত্র পড়িয়া তিনি বিস্বিত হলেন। চিঠিতে ভৌগলিক, মনস্তত্ব, বিভিসিকা ইত্যাদি বানান অশুদ্ধ। ভাষার এ দিনতা তাকে ব্যাথিত কলে তুলল। পুত্রের ভবিস্যত দর্শনে তিনি আতঙ্কিত হয়ে উঠলেন। সিদ্ধান্ত নিলেন, পড়াশুনার এইখানে সমাপ্তি করবেন।

**উত্তর:** পুত্রের পত্র পড়ে তিনি বিস্মিত হলেন। চিঠিতে ভৌগোলিক, মনস্তত্ত্ব, বিভীষিকা ইত্যাদি বানান অশুদ্ধ। ভাষার এই দীনতা তাকে ব্যথিত করে তুলল। পুত্রের ভবিষ্যৎ দর্শনে তিনি আতঙ্কিত হয়ে উঠলেন। সিদ্ধান্ত নিলেন, পুত্রের পড়াশোনার এখানেই সমাপ্তি করবেন।

৪. **অর্থসহ বাক্য রচনা করো:**

ক. অবরে-সবরে
খ. শরতের শিশির
গ. উজানের কই
ঘ. গাছ-পাথর
ঙ. নিরানব্বইয়ের ধাক্কা

**উত্তর:**

ক. অবরে-সবরে = কালে-ভদ্রে → আমি গ্রামে থাকতে ভালোবাসি 'অবরে-সবরে' শহরে যাই।

খ. শরতের শিশির = সুসময়ের বন্ধু → বিপদের দিনে বোঝা যায় কে প্রকৃত বন্ধু আর কে 'শরতের শিশির'।

গ. উজানের কই = সহজলভ্য → বন্ধুত্ব খুব মূল্যবান জিনিস 'উজানের কই' নয়।

ঘ. গাছ-পাথর = হিসাবনিকাশ → তোমার কাজের কোনো 'গাছ-পাথর' নেই।

ঙ. নিরানব্বইয়ের ধাক্কা = সঞ্চয়ের প্রবৃত্তি → লোভী মানুষের 'নিরানব্বইয়ের ধাক্কা' এতটা বেশি হয় যে মন খুলে বাঁচতে পারে না।

## ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫-২৬
## ব্যবসায় শিক্ষা ইউনিট
## (শুধু বাণিজ্য শাখার শিক্ষার্থীদের জন্য)

১. 'খিড়কি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ⓐ সিংহদ্বার ⓑ বাতায়ন
ⓒ গুপ্তপথ ⓓ চিলেকোঠা — ক

২. 'অভ্যুত্থান' শব্দটি কোন উপায়ে গঠিত?
ⓐ সন্ধি ⓑ সমাস
ⓒ প্রত্যয় ⓓ অনুসর্গ — গ

৩. সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের প্রধান চরিত্র কোনটি?
ⓐ খালেক ⓑ আক্কাস
ⓒ মজিদ ⓓ আমেনা — গ

৪. 'পুষ্প' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ⓐ কুরুবক ⓑ সুমন

ⓖ কুসুম ⓖ পাদপ ঘ

৫. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস?
ক চোরাবালি খ ডাকঘর
গ অচলায়তন ঘ চোখের বালি ঘ

৬. কোনটি মৌলিক বিশেষণ?
ক গুণী খ কালো
গ সুপ্ত ঘ ফুটন্ত খ

৭. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি কোন ছন্দে রচিত?
ক স্বরবৃত্ত খ অক্ষরবৃত্ত
গ মাত্রাবৃত্ত ঘ স্বরাক্ষর গ

৮. 'অম্বু' শব্দের অর্থ–
ক নদী খ আগুন
গ চাঁদ ঘ পানি ঘ

৯. 'জ্ঞ' যুক্তবর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়েছে?
ক ঞ + জ খ ঞ + গ
গ জ + ঞ ঘ গ্ + ঞ গ

১০. 'মনোযোগ'–এর শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক মনঃ + যোগ খ মনো + যোগ
গ মন + যোগ ঘ মনো যোগঃ ক

১১. 'উপশহর' শব্দটি কোন সমাস?
ক দ্বিগু খ দ্বন্দ্ব
গ অব্যয়ীভাব ঘ কর্মধারয় গ

১২. 'তাহার হাসিতে গান, তাহার কান্নায় গান।'– কোন ধরনের বাক্য?
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ খণ্ডবাক্য গ

**ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**বিজ্ঞান ইউনিট**
**(শুধু বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের জন্য)**

১. আপনার সত্যকে পথপ্রদর্শক কান্ডারি বলে জানা–
ক মিথ্যে নয় খ অবিনয় নয়
গ অপৌরুষ নয় ঘ দম্ভ নয় ঘ

২. 'কেয়ার কাঁটা' কী ধরনের রচনা?
ক গল্পগ্রন্থ খ কাব্যগ্রন্থ
গ উপন্যাস ঘ স্মৃতিকথা ক

৩. 'মম বাঁশরির তানে পাশরি'– এখানে 'পাশরি' বলতে বোঝায়–
ক বিভ্রান্ত হওয়া খ বিস্মৃত হওয়া
গ জেগে ওঠা ঘ জাগানো খ

৪. আওয়ালপুর ও মহব্বতনগর গ্রামের মাঝখানে কোন গাছ আছে?
ক তেঁতুল খ অশোক
গ তাল ঘ কদম ক

৫. 'সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?'– এটি কার সংলাপ?
ক সিরাজউদ্দৌলা খ মিরজাফর
গ উমিচাঁদ ঘ মোহনলাল খ

৬. 'সওগাত' শব্দটির উৎস ভাষা–
ক আরবি খ ফারসি
গ তুর্কি ঘ হিন্দি গ

৭. নিচের কোন শব্দটি 'মুখর' শব্দের সমার্থক–
ক পঞ্চকূট খ পঞ্চকণ্ঠ
গ পঞ্চমুখ ঘ পঞ্চব্যঞ্জন গ

৮. কোন বানানগুচ্ছ শুদ্ধ?
ক প্রবাহমান, শিকার, ইতপূর্বে
খ ভৌগোলিক, প্রাণিবিদ্যা, পুণ্য
গ সঙ্কীর্ণ, ব্রাহ্মণ, বিভূতিভূষণ
ঘ শস্য, নিষ্ফল, বাহুল্যতা খ

৯. 'সুকঠিন' শব্দে 'সু' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক আতিশয্য খ উত্তম
গ সহজ ঘ মহত্তম ক

১০. 'সাধারণ' শব্দের প্রমিত উচ্চারণ–
ক সাধারণ খ সাধারোন
গ শাধারণ ঘ শাধারোন্ ঘ

১১. বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত–
ক জীবন্মৃত খ আমরণ
গ জলে–স্থলে ঘ চৌরাস্ত ক

১২. 'যারা ধার্মিক, তারা সুখী'– এটি কোন ধরনের বাক্য?
ক জটিল খ যৌগিক
গ সরল ঘ মিশ্র–যৌগিক ক

১৩. কোনটি 'মার্তণ্ড' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক মার্ত + উন্ড খ মার্ত + আন্ড
গ মার্ত + উন্ড ঘ মার্ত + অণ্ড ঘ

১৪. 'পৌষ মাস' শব্দটি কোন বিশেষ অর্থে ব্যবহৃত হয়?
ক শীতের সূচনা খ দুঃসময়
গ সুসময় ঘ আকাল গ

১৫. 'Cartoon' শব্দটির বাংলা পরিভাষা কোনটি?
ক বাক্স খ শিশুচিত্র
গ ব্যঙ্গচিত্র ঘ চলচ্চিত্র গ

**ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**চারুকলা ইউনিট**

১. 'সাদা' শব্দটির উৎস ভাষা–
ক আরবি খ ফারসি
গ পর্তুগিজ ঘ হিন্দি খ

২. 'মানবিক' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয়-
ক মন + অবিক    খ মানব + ইক
গ মনু + ষ্ণিক    ঘ মনু + ইক    **খ**

৩. 'শনিবার হাটবার'- বাক্যটির কারক বিভক্তি-
ক কর্ম কারকে শূন্য বিভক্তি
খ করণ কারকে শূন্য বিভক্তি
গ অপাদান কারকে শূন্য বিভক্তি
ঘ অধিকরণ কারকে শূন্য বিভক্তি    **ঘ**

৪. ফররুখ আহমদের 'পদ্মা' কবিতার ধরন-
ক গীতিকবিতা    খ গদ্য কবিতা
গ চতুর্দশপদী কবিতা    ঘ বিদ্রূপাত্মক কবিতা    **গ**

৫. সঠিক বানান কোনটি?
ক নিরবিচ্ছিন্ন    খ নিরবচ্ছিন্ন
গ নীরবিচ্ছিণ্য    ঘ নীরবচ্ছিন্ন    **ক**

৬. 'আবাহন' শব্দের অর্থ-
ক নিমন্ত্রণ    খ আমন্ত্রণ
গ আবহমান    ঘ আলিঙ্গান    **খ**

৭. 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'- উক্তিটির লেখক-
ক সৈয়দ মুজতবা আলী    খ প্রমথ চৌধুরী
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর    ঘ মীর মশাররফ হোসেন    **খ**

৮. 'কাজীর বিচার' খুদেগল্পের লেখক-
ক রবীন্দ্রনাথ ঠাকুর
খ কাজী নজরুল ইসলাম
গ জসীমউদ্‌দীন
ঘ উপেন্দ্রকিশোর রায়চৌধুরী    **ঘ**

৯. 'কপটবাচী' অর্থ-
ক কপাট মিস্ত্রি    খ তোতলা
গ মুখরা    ঘ মিথ্যুক    **ঘ**

১০. 'জননী সাহসিকা' সম্ভাষণে ভূষিত-
ক জাহানারা ইমাম    খ সুফিয়া কামাল
গ বেগম রোকেয়া    ঘ কুসুমকুমারী দাশ    **খ**

১১. 'অনুজ্জ্বল'-এর সমার্থক শব্দ-
ক রংহীন    খ নিরঞ্জন
গ নীলাভ    ঘ বিবর্ণ    **ঘ**

১২. দিন ও রাত্রির সন্ধিক্ষণ-
ক সায়াহ্ন    খ মধ্যাহ্ন
গ অপরাহ্ন    ঘ পূর্বাহ্ন    **ক**

১৩. এককথায় 'অনুসন্ধান করার ইচ্ছা'-
ক অনুসন্ধানী    খ অনুসন্ধিৎসা
গ অনুসন্ধিৎসু    ঘ অনুচিকীর্ষা    **খ**

১৪. 'ঋতু বর্ণন' কবিতায় বর্ণিত প্রথম ঋতু-
ক শরৎ    খ হেমন্ত
গ শীত    ঘ বসন্ত    **ঘ**

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫-২৬
## B ইউনিট: কলা ও আইন অনুষদ

১. কোনটি ক্রিয়াবাচক বিশেষ্যের উদাহরণ?
ক কলম    গ সত্য
খ দর্শন    ঘ দুঃখ    **গ**

২. কোন উপসর্গটি 'গমন' অর্থে ব্যবহৃত হয়েছে?
ক অতিকায়    গ অভিষেক
খ প্রতিনিধি    ঘ অভিসার    **ঘ**

৩. বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলা হয়? চাই
ক আকাঙ্ক্ষা    গ আসত্তি
খ যোগ্যতা    ঘ পদক্রম    **খ**

৪. লোকপরম্পরায় শোনা কথাকে কী বলে?
ক প্রবাদ    গ জনশ্রুতি
খ ধাঁধা    ঘ লোকনিরুক্তি    **খ**

৫. 'বাঙ্ময়'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক বাং+ ময়    গ বাক্ + ময়
খ বাঙ্ + ময়    ঘ বাগ্ + ময়    **খ**

৬. 'Diplomatic'-এর বাংলা পরিভাষা কোনটি?
ক কূটনীতি    গ কূটনীতিক
খ কূটনৈতিক    ঘ কূটকৌশল    **গ**

৭. একটি আদর্শ পত্রের কয়টি অংশ থাকে?
ক ২টি    গ ৩টি
খ ৪টি    ঘ ৫টি    **ক**

৮. কোন বানানটি শুদ্ধ নয়?
ক অপরাহ্ণ    গ শিরচ্ছেদ
খ ইতোমধ্যে    ঘ প্রাণিবিদ্যা    **খ**

৯. 'বিশ্বাস'-এর নির্ভুল উচ্চারণ কোনটি?
ক বিশ্‌শাশ্    গ বিশ্‌শ্বাস্
খ বিশ্বাস্    ঘ বিশ্‌শাস্    **ক**

১০. কোনটি 'চাঁদ'-এর সমার্থক নয়?
ক ইন্দু    গ বিধু
খ শশী    ঘ সবিতা    **ঘ**

১১. 'সংশয়'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক প্রত্যয়    গ দ্বিধা
খ বিস্ময়    ঘ নির্ভয়    **ক**

১২. উপকারীর অপকার করে যে-
ক অকৃতজ্ঞ    গ অপকারী
খ অবিশ্বাসী    ঘ কৃতঘ্ন    **ঘ**

১৩. 'এক মাঘে শীত যায় না'-এর ইংরেজি প্রবাদ কোনটি?
ক One swallow doesn't make a summer.
খ One magh doesn't make winter.
গ One swallow doesn't make winter.
ঘ Winter doesn't have one magh only.    **ক**

১৪. নিচের কোনটি কৃৎপ্রত্যয়ের উদাহরণ নয়?
ক ত্যাজ্য    খ নিমাই

গ) ভাসমান ঘ) গণ্য খ

১৫. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?
ক) গ্রামান্তর খ) কানাকানি
গ) দম্পতি ঘ) প্রাণভয় ঘ

১৬. 'পোশাক' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক) আরবি খ) ফারসি
গ) হিন্দি ঘ) উর্দু খ

১৭. 'অপরিচিতা' গল্পে 'ফলের মতো গুটি' কী অর্থে ব্যবহৃত?
ক) নিষ্ফল জীবন খ) পরিপূর্ণ জীবন
গ) সমৃদ্ধ জীবন ঘ) সফল জীবন ক

১৮. বর্তমানে মানবকল্যাণ অর্থে আমরা যা বুঝি, তার প্রধান অন্তরায়–
ক) জাতিগত চেতনা খ) সম্প্রদায়গত চেতনা
গ) গোষ্ঠীগত চেতনা ঘ) সবগুলো ঘ

১৯. 'ঐক্যের মূলশক্তি হলো সম্প্রীতি' তোমার পঠিত কোন রচনার মর্মবাণী এটি?
ক) মানব–কল্যাণ খ) আমার পথ
গ) সাম্যবাদী ঘ) রেইনকোট খ

২০. বিপদে মাসি–পিসি 'বুকে নতুন জোর পায়' কারণ–
ক) তাদের হাতে ছিল দা–বঁটি
খ) রাত শেষ হয়ে ভোর হচ্ছিল তখন
গ) থানার দারোগা হাজির হয়েছিল
ঘ) পাড়ার অনেক লোক ছুটে এসেছিল ঘ

২১. মহাকাল, জীবন ও শিল্প কোন রচনার সাথে সম্পর্কিত?
ক) প্রতিদান খ) ফেব্রুয়ারি ১৯৬৯
গ) তাহারেই পড়ে মনে ঘ) সোনার তরী ঘ

২২. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার অভিশাপ বলেছেন?
ক) পৃথিবীর খ) স্রষ্টার
গ) উৎপীড়িতের ঘ) নিজের ক

২৩. বিচিত্র শ্রেণি–পেশার মানুষের স্বতঃস্ফূর্ত সংগ্রামী চেতনার প্রকাশ ঘটেছে কোন কবিতায়?
ক) আঠারো বছর বয়স খ) ফেব্রুয়ারি ১৯৬৯
গ) প্রতিদান ঘ) বিদ্রোহী খ

**অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**

প্রত্যন্ত এক গ্রামে গিয়ে সফেদ দাড়ির রহমাতুল্লাহ প্রচার করতে শুরু করে যে, এ গ্রাম থেকে পঞ্চান্ন মাইল দূরের এক গ্রামে নামাজের সেজদায় তিনি দেখেছেন, গ্রামের পুরোনো বটগাছটার তলায় ঘুমিয়ে আছেন এক ধর্মসাধক। গ্রামের লোকদের প্রতি সে সাধক বড়োই নারাজ। রহমাতুল্লাহর ভক্তি আর উদ্যমে মাত্র পনেরো দিনে সেই বটগাছটা ঘিরে পাকা ঘর উঠে যায়। রহমাতুল্লাহ বনে যায় সে দরগার খাদেম।

২৪. উদ্দীপকের রহমাতুল্লাহর কর্মকাণ্ডের সাথে 'লালসালু' উপন্যাসের মজিদের সাদৃশ্য কোথায়?
ক) চেহারা–সুরতে খ) ধর্মভীরুতায়
গ) জনকল্যাণে ঘ) মিথ্যাচারিতায় ঘ

২৫. স্বার্থসিদ্ধির জন্য রহমাতুল্লাহ কোন জিনিসটি ব্যবহার করে?
ক) অর্থ খ) লোকবল
গ) ধর্ম ঘ) ক্ষমতা গ

**অনুচ্ছেদটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**

রায়হান মিছিলে যাওয়া পছন্দ করে না। একদিন সহপাঠী তপু তাকে জোর করে নিয়ে যায় এবং তার হাতে একটি প্ল্যাকার্ড ধরিয়ে দেয়। হাতে প্ল্যাকার্ড নিয়ে মিছিলে হাঁটতে শুরু করে রায়হান। কিছুক্ষণের মধ্যে স্লোগানেও কণ্ঠ মেলায়। একসময় তার বজ্রমুষ্টি আকাশে ওড়ে। নিজের মধ্যে অজানা কিছু একটার উদয় হতে দেখে সে।

২৬. উদ্দীপকের রায়হান 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?
ক) নুরুল হুদা খ) আফাজ আহমদ
গ) মিন্টু ঘ) আবদুস সাত্তার মৃধা ক

২৭. উদ্দীপকের ভাববস্তু 'রেইনকোট' গল্পের কোন অন্তর্নিহিত বিষয়কে ইঙ্গিত করে?
ক) সুপ্ত সাহসের জাগরণ
খ) সুপ্ত আকাঙ্ক্ষার জাগরণ
গ) সুপ্ত আনন্দের জাগরণ
ঘ) সুপ্ত অধিকার বোধের জাগরণ ক

২৮. 'আঠারো বছর বয়সের নেই ভয়'–এর পরবর্তী পঙ্‌ক্তি কোনটি?
ক) বাষ্পের বেগে স্টিমারের মতো চলে,
খ) পথে প্রান্তরে ছোটায় বহু তুফান,
গ) স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি,
ঘ) পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা, ঘ

২৯. 'আমার শেষ যুদ্ধ পলাশিতেই।'– উক্তিটি কার?
ক) সিরাজউদ্দৌলার খ) মিরজাফরের
গ) মোহনলালের ঘ) মিরমর্দানের গ

৩০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কিংবদন্তি' কীসের প্রতীক?
ক) গৌরবের খ) অহংকারের
গ) শক্তির ঘ) ঐতিহ্যের ঘ

৩১. 'জনগণের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।'– উক্তিটি কোন রচনা থেকে নেয়া?
ক) বায়ান্নর দিনগুলো খ) আমার পথ
গ) মানব–কল্যাণ ঘ) মাসি–পিসি ক

৩২. 'সে সম্পদও অকিঞ্চিৎকর নয়'– 'বিলাসী' গল্পে স্বীকৃত এ সম্পদ কী?
ক) প্রকাণ্ড আম–বাগান খ) হৃদয় জয়ের আনন্দ

Ⓖ বিষহরির আড্ডা   Ⓖ বিলাসীর সেবা–যত্ন  খ

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**D ইউনিট: সামাজিক বিজ্ঞান অনুষদ**

**অনুচ্ছেদটি পড়ে ১–৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

জাতিগঠনে নারী ও পুরুষের সমান ভূমিকা রয়েছে। বর্তমান সমাজে নারীর অগ্রগতি দৃশ্যমান হলেও বিভিন্ন সময়ে নারীর প্রতি নানা ধরনের বৈষম্য পরিলক্ষিত হয়। শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান, সিদ্ধান্তগ্রহণ, সামাজিক নিরাপত্তা প্রায় সকল ক্ষেত্রেই নারী বৈষম্য ও বঞ্চনার শিকার হয়। এছাড়াও বাল্যবিবাহ, যৌতুকপ্রথা, পারিবারিক ও সামাজিক সহিংসতা নারীর অগ্রগতিকে প্রতিনিয়ত বাধাগ্রস্ত করছে। কাজী নজরুল ইসলাম লিখেছেন– 'যুগের ধর্ম এই, পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই!' নারীর প্রকৃত অংশগ্রহণ নিশ্চিত না করে একটি জাতি কখনো অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে পারে না।

১. ওপরের অনুচ্ছেদে 'অপরিচিতা' গল্পের কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে?
ⓚ নারীশিক্ষার প্রয়োজনীয়তা
ⓚ পারিবারিক বোঝাপড়া
ⓖ অর্থনৈতিক বৈষম্য
ⓖ সবগুলো  ঘ

২. শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান– এগুলো কোন শ্রেণির শব্দ?
ⓚ গুণবাচক বিশেষ্য  Ⓚ ভাববাচক বিশেষ্য
ⓖ সমষ্টিবাচক বিশেষ্য  Ⓖ বস্তুবাচক বিশেষ্য  খ

৩. সামাজিক বৈষম্যের শিকার বিলাসীকে পরিহাসকারীরা ছিলেন–
ⓚ ম্যাজিস্ট্রেট  Ⓚ কায়স্থ সম্প্রদায়
ⓖ পল্লিগ্রামের মানুষ  Ⓖ সাধু গৃহস্থ  ঘ

৪. 'জাতিগঠনে নারী ও পুরুষের সমান ভূমিকা রয়েছে।'–এখানে 'গঠনে' শব্দটি কোন কারক?
ⓚ অধিকরণ কারক  Ⓚ সম্প্রদান কারক
ⓖ কর্তৃ কারক  Ⓖ কর্ম কারক  ক

৫. 'কল্পনা' শব্দটি কোন পদ?
ⓚ বিশেষ্য  Ⓚ বিশেষণ
ⓖ অব্যয়  Ⓖ ক্রিয়া  ক

৬. বুদ্ধদেব বসু কোন কবিকে 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেছেন?
ⓚ জীবনানন্দ দাশ  Ⓚ শামসুর রাহমানতা
ⓖ সুকান্ত ভট্টাচার্য  Ⓖ আহসান হাবীব  ক

৭. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন ছন্দে রচিত?
ⓚ অক্ষরবৃত্ত  Ⓚ মাত্রাবৃত্ত
ⓖ গদ্যছন্দ  Ⓖ স্বরবৃত্ত  গ

৮. 'রঙিন ফুলের সোহাগ–জড়ান ফুল মালঞ্চ ধরি'– চরণটি কোন কবিতার?
ⓚ আমি কিংবদন্তির কথা বলছি
Ⓚ তাহারেই পড়ে মনে
ⓖ প্রতিদান
Ⓖ সোনার তরী  গ

৯. কোন বাগধারাটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত হয়?
ⓚ অকূল পাথার  Ⓚ অপোগন্ড
ⓖ অষ্টকপাল  Ⓖ আখাম্বা  গ

১০. কোনটি সমার্থক নয়?
ⓚ অহ্ন–শর্বরী  Ⓚ অনল–পাবক
ⓖ অম্বর–নীলিমা  Ⓖ ঐতিহ্য–বিশ্রুতি  ক

১১. 'বেমক্কা' বলতে বোঝায়–
ⓚ নিয়ন্ত্রিত  Ⓚ অসংগত
ⓖ অসতর্ক  Ⓖ অসমর্থ  খ

১২. অন্য লিপিতে রূপান্তরকে এককথায় কী বলে?
ⓚ রূপান্তর  Ⓚ অনূদিত
ⓖ লিপান্তর  Ⓖ অনুবাদ  গ

১৩. 'আলোয় আঁধার কাটে'– এখানে 'আলোয়' কোন কারকে কোন বিভক্তি?সন
ⓚ অপাদানে দ্বিতীয়া  Ⓚ অপাদানে সপ্তমী
ⓖ কর্মে ষষ্ঠী  Ⓖ করণে সপ্তমী  ঘ

১৪. 'হিসাবনিকাশ' শব্দটি কোন কোন ভাষার মিশ্রণ?
ⓚ উর্দু ও আরবি  Ⓚ আরবি ও ফারসি
ⓖ সংস্কৃতি ও উর্দু  Ⓖ ফারসি ও হিন্দি  খ

১৫. 'বিদ্রোহী' কবিতায় কোন অস্ত্রের কথা উল্লেখ নেই?
ⓚ ত্রিশূল  Ⓚ টর্পেডো
ⓖ শিঙা  Ⓖ খড়্গ  গ

১৬. 'মানুষ চেষ্টা না করলে অগ্রগতি অসম্ভব'–এর বিধেয় রূপ কোনটি?
ⓚ মানুষ চেষ্টা করলে অগ্রগতি অসম্ভব নয়
Ⓚ মানুষ চেষ্টা করলে অগ্রগতি পায় না
ⓖ মানুষ চেষ্টা করলে অগ্রগতি পায়
Ⓖ চেষ্টা করলেই অগ্রগতি সম্ভব  ঘ

১৭. 'যে পথ সৎ নয়, সে পথে শান্তি নেই'–এর সরল রূপ কোনটি?
ⓚ অসৎ পথ শান্তিহীন
Ⓚ শান্তির জন্য সৎ পথ প্রয়োজন
ⓖ অসৎ পথে শান্তি নেই
Ⓖ অসৎ মানুষ শান্তি পায় না  গ

১৮. সঠিক বানান গুচ্ছ–
ⓚ স্লোগান, সৌন্দর্য, মানবত্ব
Ⓚ প্রজ্ঞা, উদ্দোগী, শান্তিপূর্ণ
ⓖ সম্প্রদায়, মান্যবৎ, অভীজ্ঞা
Ⓖ ধৈর্য্য, অভিজ্ঞ, গড়মিল  ক

১৯. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি আবুল ফজলের কোন গ্রন্থের অন্তর্গত?
ক রাঙা প্রভাত খ চৌচির
গ মাটির পৃথিবী ঘ মানবতন্ত্র ঘ

২০. 'লক্ষণ' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?
ক লোক্‌খোন্ খ লোক্‌খন্
গ লক্‌খন ঘ লক্‌খোন্ ক

২১. 'সোনার তরী' কবিতায় নির্ধারক বিশেষণ ব্যবহৃত হয়েছে কয়বার?
ক তিনবার খ চারবার
গ একবার ঘ দুইবার ঘ

২২. রাইসুল জুহালা ছিলেন-
ক সিরাজউদ্দৌলার প্রধান গুপ্তচর
খ ইংরেজ পক্ষের গুপ্তচর
গ মিরজাফরের সহযোগী
ঘ ঘসেটি বেগমের পালিত পুত্র ক

২৩. কোনটি 'নায়ক'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয়?
ক √ন্যায় + অক খ √নায়ক + অ
গ √নী + অক ঘ √নীক + অক গ

২৪. 'কী অথবা কি' ব্যবহৃত সঠিক বাক্য কোনটি?
ক আমি বুঝতে পারছি না সমস্যাটা আসলে কি?
খ সে কী তোমাকে চেনে?
গ কি বলছ তুমি।
ঘ কী আশ্চর্য ব্যাপার! ঘ

২৫. কোন কবি বাংলাদেশ সরকারের মন্ত্রী ও রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেছেন?
ক আবু জাফর ওবায়দুল্লাহ
খ মোহাম্মদ মনিরুজ্জামান
গ সিকান্দার আবু জাফর
ঘ মহাদেব সাহা ক

২৬. 'ভূমিকম্প' কোন ধরনের শব্দ?
ক অর্ধ-তৎসম খ তদ্ভব
গ তুর্কি ঘ তৎসম ঘ

২৭. কোন বাক্যটি সঠিক?
ক শকুনের দোয়ায় হাতি মরে না
খ তাঁর সৌজন্যতায় মুগ্ধ হয়েছি
গ তাহারা বাড়ি যাচ্ছে
ঘ তানিয়া বুদ্ধিমতী মেয়ে ঘ

২৮. নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস কোনটি?
ক অকেজো খ অন্তরীপ
গ আশীবিষ ঘ জবরদস্তি খ

২৯. 'ছাঁদ' দ্বারা কী বোঝায়?
ক আশ্রয় খ চাল
গ ওপরের অংশ ঘ আকৃতি ঘ

৩০. কোথায় ব্যক্তিগত মন্তব্য প্রকাশ করা যায় না?
ক সারমর্মে খ ভাব-সম্প্রসারণে
গ চিঠিতে ঘ ভাষণে ক

৩১. 'একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং'- এই পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক আলাউদ্দিন আল আজাদ খ রফিক আজাদ
গ আল মাহমুদ ঘ শামসুর রাহমান ঘ

৩২. 'বাঘের মতো সাহসী'- এখানে অলংকার কোনটি?
ক অনুপ্রাস খ উৎপ্রেক্ষা
গ উপমা ঘ রূপক গ

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫-২৬
## E ইউনিট: চারুকলা অনুষদ

১. চারুকলা কী ধরনের শব্দ?
ক সন্ধিবদ্ধ খ প্রত্যয়-সাধিত
গ ঋণকৃত ঘ সমাসবদ্ধ ঘ

২. মুক্তিযুদ্ধের সময় কবি শামসুর রাহমান কোন ছদ্মনামে কবিতা লিখতেন?
ক যাযাবার খ মজলুম আদিব
গ নীল লোহিত ঘ বীরবল খ

৩. 'মেয়েটির বয়স যোল কি সতেরো হইবে'- মেয়েটির নাম কী?
ক হৈমন্তী খ বিলাসী
গ কল্যাণী ঘ রতন গ

৪. 'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরি আর হাতে রণ-তূর্য!'-
ক দ্রোহ ও প্রেমাতম খ বিদ্রোহী ও বীর যোদ্ধা
গ প্রেম ও বিদ্রোহ ঘ বিদ্রোহ ও বংশীবাদক গ

৫. 'রেইনকোট' গল্পে রেইনকোট কীসের প্রতীক?
ক আত্মরক্ষা
খ নিরাপদ আবরণ
গ বৃষ্টি থেকে বাঁচার জামা
ঘ উচ্চতা, সাহস ও দেশপ্রেম ঘ

৬. কোনটি শব্দের আগে বসে?
ক উপসর্গ খ অনুসর্গ
গ প্রত্যয় ঘ বিভক্তি ক

৭. কোন লেখক একইসঙ্গে চিত্রশিল্পী ছিলেন?
ক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ জসীমউদ্‌দীন
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ শওকত আলী গ

৮. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?
ক স্বরবৃত্ত খ মাত্রাবৃত্ত
গ অক্ষরবৃত্ত ঘ মিশ্র খ

৯. 'দেশটা মরার দেশ'- এখানে 'মরার দেশ' বলতে কী বোঝানো হয়েছে?
ক সবাই মরে গেছে খ শিক্ষাহীনতা
গ শস্য শূন্যতা ঘ হৃদয়হীনতা গ

১০. 'নিদাঘ' শব্দের অর্থ কী?
ⓚ তলোয়ার ⓚ মরুভূমি
ⓖ ঝরনা ⓖ গ্রীষ্ম ঘ

১১. কোন গ্রন্থটি বেগম সুফিয়া কামালের কাব্যগ্রন্থ?
ⓚ মহাপৃথিবী ⓚ উদাত্ত পৃথিবী
ⓖ ঝরাপালক ⓖ বালুচর খ

১২. 'সবাই মিলে সত্যিই আমরা না তো?'– উক্তিটি কার? বাংলাকে বিক্রিয় করে দিচ্ছি
ⓚ জগৎশেঠ ⓚ মিরজাফর আলী খান
ⓖ রাজবল্লব ⓖ ঘষেটি বেগম খ

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**A ইউনিট: গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ; সেট–F**

১. কোনটি অলুক দ্বন্দ্ব সমাস?
ⓚ নদনদী ⓚ নদী–নালা
ⓖ বনজঙ্গল ⓖ বনে–জঙ্গলে ঘ

২. নিচের কোন বানানটি অশুদ্ধ?
ⓚ বাগ্মিতা ⓚ সম্মানীয়
ⓖ আবশ্যকতা ⓖ ঔদাসীন্য খ

৩. 'জলের কল্পনা' বাগ্ধারাটির অর্থ কী?
ⓚ ক্ষণস্থায়ী বস্তু ⓚ দীর্ঘস্থায়ী বস্তু
ⓖ মূল্যবান বস্তু ⓖ মূল্যহীন বস্তু ক

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**B ইউনিট: সমাজবিজ্ঞান অনুষদ; সেট–F**

১. 'আখ্যানমঞ্জরী' গদ্যগ্রন্থটি কার লেখা?
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓖ রামমোহন রায় গ

২. 'মানব–কল্যাণ' গল্পে লেখক রাষ্ট্রকে জাতির কীসের প্রতীক বলেছেন?
ⓚ যৌথ জীবন ও চেতনার
ⓚ মর্যাদার
ⓖ পারস্পরিক সংযোগ–সহযোগিতার
ⓖ মানব–কল্যাণের ক

৩. 'বর্ষা' গল্পে 'খামখেয়ালি' বলা হয়েছে কোনটিকে?
ⓚ শীতের বাতাস ⓚ গ্রীষ্মের বাতাস
ⓖ বর্ষার বাতাস ⓖ শরতের বাতাস গ

৪. সাহিত্যের উদ্দেশ্য কী?
ⓚ রুচি ও শিক্ষা বিবেচনা
ⓚ সৌষ্ঠব বৃদ্ধি
ⓖ সৃজনশীল জগৎ সমৃদ্ধ করা
ⓖ সত্য ও ধর্ম ঘ

৫. 'তিলোত্তমা সম্ভব' কাব্যগ্রন্থটি কার?
ⓚ কায়কোবাদ ⓚ মাইকেল মধুসূদন দত্ত
ⓖ ঈশ্বরচন্দ্র গুপ্ত ⓖ অক্ষয়কুমার বড়াল খ

৬. 'মম বাঁশরির তানে পাশরি'–এখানে 'পাশরি' বলতে কী বোঝানো হয়েছে?
ⓚ সুরের বিস্তার ⓚ নৃত্যময় মূর্তি
ⓖ জাল বিস্তার করা ⓖ বিস্মৃত হওয়া ঘ

৭. কবি কাজী নজরুল ইসলাম ১৯১৭ সালে কত নম্বর বাঙালি পল্টনে সৈনিক পদে যোগ দেন?
ⓚ ৪৭ ⓚ ৪৮
ⓖ ৪৯ ⓖ ৫০ গ

৮. 'পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন'– এখানে কবি সুফিয়া কামাল 'পুষ্পারতি' বলতে কী বুঝিয়েছেন?
ⓚ বাসন্তী লতা ⓚ ফুলের সাজ
ⓖ রূপক বসন্ত ⓖ ফুলের নিবেদন ঘ

৯. 'লালসালু' উপন্যাসে মহব্বতনগরের সামাজিক নেতৃত্বে কে মূল ভূমিকা পালন করে?
ⓚ মজিদ ⓚ খালেক ব্যাপারী
ⓖ আক্কাস ⓖ দুদু মিঞা খ

১০. 'ইংরেজদের হয়ে যুদ্ধ জন্যে।'– উক্তিটি কার? করছি কোম্পানির টাকার
ⓚ ওয়ালি খান ⓚ মানিকচাঁদ
ⓖ হলওয়েল ⓖ ওয়াটস ক

১১. 'শুদ্ধোদন'–এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓚ শুদ্ধ + ওদন ⓚ শুদ্ধ + ওধন
ⓖ শুদ্ধ + অদন ⓖ শুদ্ধ + ওদোন খ

১২. এককথায় প্রকাশ করো– 'অগ্রহায়ণ মাসে সন্ধ্যাকালীন ব্রত'।
ⓚ সেঁজুতি ⓚ ব্রতচারী
ⓖ সন্ধ্যাব্রত ⓖ ব্রতী ক

১৩. কোন বানানটি সঠিক?
ⓚ আচরন ⓚ আবরণ
ⓖ আহরন ⓖ রূপবাণ খ

১৪. 'হাটবাজার' শব্দটি দ্বন্দ্ব সমাসের কোন শ্রেণিভুক্ত?
ⓚ মিলনার্থক ⓚ বিপরীতার্থক
ⓖ সংখ্যাবাচক ⓖ সমার্থক ঘ

১৫. 'দীন'–এর সমার্থক শব্দ কোনটি?
ⓚ দিবা ⓚ দিনমান
ⓖ দিন ⓖ অর্থহীন ঘ

১৬. 'হক্কাপাঞ্জা করা' বাগ্ধারাটির সঠিক অর্থ?
ⓚ সামান্য ব্যক্তি ⓚ বড়ো বড়ো কথা বলা
ⓖ বিত্তের অহংকার ⓖ স্পষ্টভাষী খ

১৭. কোনটি যুগ্মরীতিতে গঠিত দ্বিরুক্ত শব্দ?
ⓚ জেদাজেদি ⓚ রাশি রাশি
ⓖ ধীরে ধীরে ⓖ উড় উড় ভাব ক

১৮. সমষ্টিবাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?
ⓚ বই ⓚ পর্বত
ⓖ পঞ্চায়েত ⓖ ভোজন গ

NABARUN PUBLICATION

১৯. কোনটি পর্তুগিজ শব্দ?
ক সাবান খ খদ্দর
গ সুড়ং ঘ বেগম ক

২০. চলিত রীতি মূলত–
ক তৎসম শব্দবহুল
খ গুরুগম্ভীর
গ তদ্ভব শব্দবহুল
ঘ সর্বনাম ও ক্রিয়াপদ বেষ্টিত গ

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**C ইউনিট: কলা ও মানবিক অনুষদ; সেট–F**

১. নিচের কোনটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস নয়?
ক কপালকুন্ডলা খ জগৎসিংহ
গ বিষবৃক্ষ ঘ আনন্দমঠ গ

২. প্রমথ চৌধুরীর মতে, রঙ্গমঞ্চে না চড়লে আমাদের–
ক অভিনয় কেউ দেখে না খ বক্তৃতা কেউ শোনে না
গ চেহারা কেউ দেখে না ঘ গুরুত্ব বাড়ে না ক

৩. নিচের কোনটি মাকাল ফলের বৈশিষ্ট্য নয়?
ক দেখতে সুন্দর খ ভেতরে দুর্গন্ধ
গ শাঁসযুক্ত ঘ সুস্বাদু ঘ

৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গল্পে বিলাসী 'ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভিজাইয়া রাখা–
ক বাসি ফুলের মতো। খ বৈচি ফলের মতো।
গ শিউলি ফুলের মতো। ঘ বকুল ফুলের মতো। ক

৫. 'রামচন্দ্র _______ ষোল আনা পরিচয় দিয়াছেন।'– শূন্যস্থানে কী হবে?
ক বীরত্বের খ বন্ধুত্বের
গ সম্প্রীতির ঘ স্বামিত্বের ঘ

৬. ১৯১৯ সালে 'মাসিক সওগাত' পত্রিকায় প্রকাশিত কাজী নজরুল ইসলামের গল্পের নাম–
ক বাউন্ডেলের আত্মকাহিনী খ ব্যথার দান
গ রিক্তের বেদন ঘ শিউলিমালা ক

৭. মধুসূদন দত্ত গ্রিক, লাতিন ও হিব্রু ভাষা শেখেন–
ক হিন্দু কলেজে খ বিশপস কলেজে
গ ভার্সাই অবস্থানকালে ঘ কোনোটিই নয় খ

৮. নজরুলের কবিতা সবসময় কীসের বিরুদ্ধে সোচ্চার থেকেছে?
ক আধিপত্যবাদের খ সাম্রাজ্যবাদের
গ শোষণের ঘ ওপরের সবগুলো ঘ

৯. 'যে মোরে করিল পথের বিবাগী–/পথে পথে আমি–তার লাগি।'– শূন্যস্থানে কী হবে?
ক ফিরি খ ঘুরি
গ ছুটি ঘ হাঁটি ক

১০. সুফিয়া কামালের মুক্তিযুদ্ধ বিষয়ক মূল্যবান গ্রন্থ–
ক একাত্তরের ডায়েরী খ আমার একাত্তর
গ একাত্তরের দিনলিপি ঘ রক্তলাল একাত্তর ক

১১. শামসুর রাহমানের কবিতায় বিশেষভাবে ধরা পড়েছে–
ক নগর জীবন খ নিঃসঙ্গ জীবন
গ অবরুদ্ধ জীবন ঘ বিক্ষুব্ধ জীবন ক

১২. 'শাশ্বত রাত্রির বুকে সকলি অনন্ত।'– শূন্যস্থানে কী হবে?
ক সূর্যোদয় খ সময়
গ জীবন ঘ দৃশ্য ক

১৩. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়–
ক সম্বোধন পদ খ ক্রিয়াপদ
গ সর্বনাম পদ ঘ অব্যয় পদ ঘ

১৪. 'যজ্ঞ' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?
ক যোগগোঁ খ জোগগোঁ
গ জোগোঁ ঘ যোগ্‌গা গ

১৫. নিচের কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?
ক আজি > আইজ খ পিশাচ > পিচাশ
গ স্কুল > ইস্কুল ঘ পাকা > পাক্কা খ

১৬. নিচের কোন বানানে স্বভাবতই মূর্ধন্য–ণ বসেছে?
ক রোপণ খ বণিক
গ পরিমাণ ঘ ঘণ্টা খ

১৭. ণত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?
ক পুরণো খ নিরূপণ
গ গ্রহণ ঘ রূপায়ণ ক

১৮. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক তুমি কী আজ যাবে?
খ তুমি কি আজ যাবে?
গ তুমি কি অদ্য যাবে?
ঘ তুমি কী আজ যাইবে? খ

১৯. মজিদ কীসের খিলাল দিয়ে দাঁতের গহ্বরে গুঁতোয় আর ভাবে?
ক তামার খ দস্তার
গ রূপার ঘ টিনের ক

২০. 'সিরাজউদ্দৌলা' নাটকে উল্লিখিত 'মারাঠা' খালের অবস্থান কোথায়?
ক শিয়ালদহ খ বিহার
গ হাওড়া ঘ মুর্শিদাবাদ ক

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**D ইউনিট: জীববিজ্ঞান অনুষদ; সেট–S**

১. 'আঠার বছর বয়স' কবিতাটির রচয়িতা কে?
ক সুকান্ত ভট্টাচার্য খ সিকান্দার আবু জাফর
গ জীবনানন্দ দাশ ঘ যতীন্দ্রনাথ সেনগুপ্ত ক

২. নিচের শব্দযুগলের বিশেষ্য + বিশেষণ কোনটি?

ক জটিল + অনুমান　　খ কায়িক + পরিশ্রম
গ নির্বাচিত + চোর　　ঘ দুঃখ + অন্তহীন　　ঘ

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**E ইউনিট: গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ; সেট–N**

১. ‘লালসালু’ উপন্যাসে পির সাহেবের প্রধান মুরিদের নাম কী?
ক মতলুব খাঁ　　খ ধলা মিঞা　　ক
গ খালেক ব্যাপারী　　ঘ মজিদ

২. ‘সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।’– উক্তিটি কার?
ক প্রমথ চৌধুরী　　খ মোতাহের হোসেন চৌধুরী
গ জীবনানন্দ দাশ　　ঘ রবীন্দ্রনাথ ঠাকুর　　ক

৩. কাজী নজরুল ইসলাম কোন পত্রিকার সম্পাদনার কাজে যুক্ত ছিলেন না?
ক ধূমকেতু　　খ নবযুগ
গ লাঙল　　ঘ প্রবাসী　　ঘ

৪. কার জবানিতে ‘রেইনকোট’ গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে?
ক আবদুস সাত্তার মৃধা　　খ আখতারুজ্জামান ইলিয়াস
গ ড. আফাজ আহমদ　　ঘ নুরুল হুদা　　ঘ

৫. ‘ফেব্রুয়ারি ১৯৬৯’ কবিতায় বর্ণমালাকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?
ক নক্ষত্র　　খ রৌদ্র
গ রক্ত　　ঘ ফুল　　ক

৬. ‘সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।’– এটি কোন কবির বাণী?
ক জীবনানন্দ দাশ　　খ সরোজকুমার বন্দ্যোপাধ্যায়
গ প্রমথ চৌধুরী　　ঘ চণ্ডীদাস　　ঘ

৭. ‘ঈশ্বরের নামে প্রতিজ্ঞা করছি, সর্বশক্তি নিয়ে চিরকালের জন্য আমি নবাবের অনুগামী।’– এটি কার উক্তি?
ক রায়দুর্লভ　　খ উমিচাঁদ
গ মিরজাফর　　ঘ রাজবল্লভ　　ক

৮. ‘একলা যেতে ভয় করবে না তো? একটু এগিয়ে দিয়ে আসব?’– উক্তিটি কোন লেখার অন্তর্গত?
ক অপরিচিতা　　খ মাসি–পিসি
গ বিলাসী　　ঘ বিড়াল　　খ

৯. রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত উপন্যাসের সংখ্যা কত?
ক ২টি　　খ ১০টি
গ ৩টি　　ঘ ৫টি　　ক

১০. বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণের সংখ্যা–
ক ১০টি　　খ ৭টি
গ ৯টি　　ঘ ৮টি　　ঘ

১১. ‘ধান্দা’ শব্দের সঠিক শব্দার্থ কোনটি?
ক আকীর্ণ　　খ অপটু
গ ধাঁধা　　ঘ দণ্ডলৎ　　গ

১২. ‘সাপের হাসি বেদেয় চেনে।’ রেখাঙ্কিত শব্দটি কোন কারক?
ক অপাদান কারক　　খ করণ কারক
গ কর্ম কারক　　ঘ কর্তৃ কারক　　ঘ

১৩. ‘মিসক্রিয়ান্ট’ শব্দটি কোন অর্থে ‘রেইনকোট’ গদ্যে ব্যবহৃত হয়েছে?
ক বাহিনী　　খ দুষ্কৃতকারী
গ সততা　　ঘ ভেজাল　　খ

১৪. ‘শশাঙ্ক’ শব্দের সমাস কী হবে?
ক শশের অঙ্ক　　খ অঙ্কের শশ যার
গ অঙ্কের শশ　　ঘ শাশ অঙ্কে যার　　ঘ

১৫. নিচের কোনটি ওষ্ঠ্য বর্ণের উদাহরণ?
ক ধ　　খ শ
গ ন　　ঘ ম　　ঘ

১৬. ‘ইতি’ শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক প্রচুর　　খ ছেদ
গ দ্বেষ　　ঘ সৃনয়ন　　খ

১৭. ‘অন্যান্য’ কোন ধরনের সন্ধির উদাহরণ?
ক বিসর্গসন্ধি　　খ নিপাতনে সিদ্ধ সন্ধি
গ ব্যঞ্জনসন্ধি　　ঘ স্বরসন্ধি　　ঘ

১৮. নিচের কোনটি ‘স্বরসংগতি’ ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
ক ধর্ম > ধরম　　খ দেশি > দিশি
গ আজি > আইজ　　ঘ সত্য > সত্যি　　খ

১৯. ‘কাটিতে কাটিতে ধান এল বরষা’– এখানে কী অর্থে দ্বিরুক্ত শব্দের ব্যবহার হয়েছে?
ক কাল পরিবর্তন　　খ কার্যসমাপ্তি
গ ঋতু পরিবর্তন　　ঘ নিরন্তরতা　　ঘ

২০. ‘ষ্ণ’ প্রত্যয়যুক্ত শব্দের মূল স্বরের কী হার?
ক হ্রাস　　খ বৃদ্ধি
গ দ্বিগুণ　　ঘ গুণ　　খ

**রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**ইউনিট A: মানবিক অনুষদ; শিফট–১**

১. ‘মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল করে।’– এটি কোন ধরনের বাক্য?
ক মিশ্র　　খ জটিল
গ যৌগিক　　ঘ সরল　　খ

**নোট:** বাক্যটি জটিল বা মিশ্র বাক্য। ক ও খ উভয় সঠিক।

২. অমিত্রাক্ষর ছন্দ মূলত কোন ছন্দের ওপর ভিত্তি করে গঠিত?
ক মাত্রাবৃত্ত　　খ অক্ষরবৃত্ত

ⓖ মিশ্র ⓘ স্বরবৃত্ত ⓚ

৩. 'অনলে পুড়িয়া গেল।'– এখানে 'অনলে' কোন কারকে কোন বিভক্তি?
ⓚ অপাদানে ৭মী ⓛ কর্মে ৩য়া
ⓖ করণে ৭মী ⓘ অপাদানে ৭মী ⓖ

৪. নিম্নের সঠিক বানান কোনটি?
ⓚ ভুলের মূল্য ⓛ ভুলের মুল্য
ⓖ ভুলের মূল্য ⓘ ভুলের মূলা ⓖ

৫. 'আমরা কেন মিছামিছি লোক ঠকাতে যাই।'– উক্তিটি কার?
ⓚ মৃত্যুঞ্জয় ⓛ ন্যাড়া
ⓖ বিলাসী ⓘ শ্রীকান্ত ⓖ

৬. 'প্রতীচী' শব্দের বিপরীতার্থক শব্দ–
ⓚ উন্মুখ ⓛ পাশ্চাত্য
ⓖ আধুনিক ⓘ প্রাচ্য ⓘ

৭. 'পুকুরে পদ্মফুল জন্মে।'– এখানে 'জন্মে'–
ⓚ উদ্দেশ্য ⓛ সম্প্রসারণ
ⓖ বিধেয় ⓘ ক্রিয়াজাত ⓖ

৮. ঝিরঝির বৃষ্টিতে দাঁড়িয়ে কয়েকজন মানুষ কোথায় অপেক্ষা করছিল?
ⓚ ধানমন্ডি ⓛ আসাদগেট
ⓖ গুলিস্তান ⓘ মতিঝিল ⓛ

৯. নিম্নের কোন দুটি যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ?
ⓚ ঐ, ঔ ⓛ ই, উ
ⓖ অ, এ ⓘ আ, ও ⓚ

১০. 'বঙ্গদর্শন' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন–
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓛ বুদ্ধদেব বসু
ⓖ অক্ষয়কুমার দত্ত ⓘ জীবনানন্দ দাশ ⓚ

১১. 'নির্বেদ' শব্দের অর্থ কী?
ⓚ কোনো জ্ঞান নেই ⓛ সংবেদনহীন
ⓖ নির্দোষ ⓘ সংসারের প্রতি বিরাগ ⓘ

১২. 'বাংলা শব্দতত্ত্ব' গ্রন্থটির রচয়িতা কে?
ⓚ রাজা রামমোহনরায় ⓛ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓖ

১৩. 'ছবি' কবিতায় কোনটির উল্লেখ নেই?
ⓚ ক্যালিফোর্নিয়া ⓛ ডাল্লাস
ⓖ সান জোসে ⓘ মেম্ফিস ⓖ

১৪. 'অটবি'–এর প্রতিশব্দ কোনটি?
ⓚ স্থির ⓛ বন
ⓖ নদী ⓘ জল ⓛ

১৫. 'দেশপ্রেম' শব্দটির সঠিক উচ্চারণ কোনটি?
ⓚ দেশোপ্রেম ⓛ দ্যাশপ্রেম
ⓖ দেশোপ্প্রেম্ ⓘ দেশোপ্রেশম ⓖ

১৬. 'Latitude' শব্দের পারিভাষিক অর্থ কোনটি?
ⓚ অক্ষাংশ ⓛ দ্রাঘিমাংশ
ⓖ বিষুবরেখা ⓘ গোলার্ধ ⓚ

১৭. 'জেগেছে তনু পরিপূর্ণ আহ্বান'– এই আহ্বান কীসের?
ⓚ নদীতে নৌকা ভাসানোর
ⓛ সাধনা সমুদ্রের
ⓖ জীবন–মৃত্যুর দ্বন্দ্ব নিরসনের
ⓘ নব উদ্যমে জীবন শুরু করার ⓘ

১৮. 'স্থাপিলা বিধুরে বিধি ছায়ার ললাটে'– এখানে 'বিধু' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓚ চন্দ্র ⓛ সূর্য
ⓖ গ্রহ ⓘ তারা ⓚ

১৯. 'পশ্চাৎ + ইম' কোন প্রত্যয়?
ⓚ সংস্কৃত কৃৎ ⓛ বাংলা তদ্ধিত
ⓖ বাংলা কৃৎ ⓘ সংস্কৃত তদ্ধিত ⓘ

২০. 'নিপীড়ন' শব্দে 'নি' উপসর্গটি কোন অর্থে যুক্ত হয়েছে?
ⓚ নিষেধ ⓛ সম্যকভাবে
ⓖ বাজে ⓘ আতিশয্য ⓘ

২১. লোইসেল পরিবার কোথায় বসবাস করত?
ⓚ কলেজ স্ট্রিটে ⓛ রিপন স্ট্রিটে
ⓖ মার্টার স্ট্রিটে ⓘ ডালহৌসি স্ট্রিটে ⓖ

২২. সমীভবন কী?
ⓚ ষত্ব বিধান
ⓛ বিদেশি শব্দ
ⓖ দুটি ব্যঞ্জনের একরকম হওয়া
ⓘ দুটি স্বর আলাদা হওয়া ⓖ

২৩. 'কচু বনের কালাচাঁদ' বাগ্‌ধারাটির অর্থ–
ⓚ মাকাল ফল ⓛ অপদার্থ
ⓖ গোবরে পদ্মফুল ⓘ কলির কেষ্ট ⓛ

২৪. 'প্রতিদান' কবিতায় কবি কীসের মাধ্যমে পৃথিবীকে বাসযোগ্য করতে চেয়েছেন?
ⓚ পরার্থপরতা ⓛ বুদ্ধিবৃত্তি
ⓖ পরিশ্রম ⓘ সুশিক্ষা ⓚ

২৫. 'অনুতাপ' শব্দটি কোন সমাস?
ⓚ তৎপুরুষ ⓛ অব্যয়ীভাব
ⓖ বহুব্রীহি ⓘ কর্মধারয় ⓛ

২৬. 'আহ্বান' গল্পে নিষ্ঠুর চরিত্র কোনটি?
ⓚ চকোত্তী মশায় ⓛ বুড়ি
ⓖ পাতানো মেয়ে ⓘ বুড়ির নাতজামাই ⓘ

২৭. আবু জাফর ওবায়দুল্লাহ কত খ্রিষ্টাব্দে বাংলা একাডেমি পুরস্কার পান?
ⓚ ১৯৭৭ ⓛ ১৯৭৮
ⓖ ১৯৭৯ ⓘ ১৯৮০ ⓖ

২৮. 'যজ্ঞ' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ⓚ যজ + ঞ ⓛ যজ + জ

NABARUN PUBLICATION SINCE 1993

ⓖ যজ + গ ⓘ যজ্ + ন ঘ

## রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬
## B ইউনিট: বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ

১. 'যে কবিতা শুনতে জানে না সে আজন্ম ক্রীতদাস'– এখানে ক্রীতদাস বলতে কী বোঝানো হয়েছে?
ⓚ পরাধীন মানুষ
ⓛ যে কাজ করে
ⓖ যে কথা বলতে পারে না
ⓘ ঐতিহ্য ও সংস্কৃতি বিমুখ মানুষ ক

২. 'তাহারেই পড়ে মনে' কবিতায় যে দুটি ফলের নাম উল্লেখ আছে?
ⓚ বাতাবি লেবু ও লিচু ⓛ বাতাবি লেবু ও আম
ⓖ আম ও লিচু ⓘ আম ও পেয়ারা খ

৩. 'বায়ান্নর দিনগুলো' রচনায় কোন পার্কের কথা উল্লেখ আছে?
ⓚ রমনা পার্ক ⓛ জিন্দা পার্ক
ⓖ হাইড পার্ক ⓘ ভিক্টোরিয়া পার্ক ঘ

৪. 'টাকা দাও, ছাড়া পাবে।'–বাক্যটি–
ⓚ যৌগিক ⓛ জটিল
ⓖ সরল ⓘ সংযুক্ত ক

৫. 'অলংকার'–এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓚ আলং + কার ⓛ অলং + কার
ⓖ অলম + কার ⓘ অলম + আকার গ

৬. 'সোনার তরী' কবিতায় 'নৌকার মাঝি' কীসের প্রতীক?
ⓚ মহাকালের ⓛ সৃষ্টিকর্মের
ⓖ নেতৃত্বের ⓘ কবি নিজের ক

৭. 'বিদ্রোহী' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
ⓚ ধূমকেতু ⓛ লাঙল
ⓖ অগ্নি–বীণা ⓘ বিজলী ঘ

৮. 'বিলাসী' গল্পে লেখক সমাজের কোন চিত্রটি তুলে ধরেছেন?
ⓚ ধনী–গরিবের বৈষম্য
ⓛ ধর্মীয় গোঁড়ামি ও কুসংস্কার
ⓖ নারীর ক্ষমতায়ন
ⓘ আধুনিক শিক্ষাব্যবস্থা খ

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬
## B ইউনিট: কলা ও মানববিদ্যা অনুষদ

১. 'স্থাপিলা বিধুরে ———— স্থাণুর ললাটে'– শূন্যস্থানে কোন শব্দ বসবে?
ⓚ হায় ⓛ বিধি
ⓖ হাসি ⓘ তুমি খ

২. 'চা' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ⓚ পর্তুগিজ ⓛ ইতালীয়
ⓖ ওলন্দাজ ⓘ চীনা ঘ

৩. 'রেইনকোট' গল্পের চরিত্র কোনটি?
ⓚ নুরুল করিম ⓛ নুরুল হক
ⓖ নুরুল হুদা ⓘ নুরুদ্দিন গ

৪. শুদ্ধ বানান কোনটি?
ⓚ স্বতঃক্ষূর্ত ⓛ স্বতঃস্ফূর্ত
ⓖ স্বতঃসিধ ⓘ স্বতঃপ্রবৃত্ত খ

৫. নিচের কোনটি শুদ্ধ বানান নয়?
ⓚ অতঃপর ⓛ অতঃএব
ⓖ ইতঃপূর্বে ⓘ মনঃপূত খ

৬. 'সে এলো এবং আমি গেলাম।' বাক্যটি কোন শ্রেণির?
ⓚ সরল ⓛ যৌগিক
ⓖ জটিল ⓘ কোনোটিই নয় খ

৭. কোন ছন্দটি বিদেশি ছন্দের অনুসৃতি?
ⓚ অক্ষরবৃত্ত ⓛ স্বরবৃত্ত
ⓖ মাত্রাবৃত্ত ⓘ অমিত্রাক্ষর ঘ

৮. 'দাঁড়াও, বৃষ্টি শেষ হতে না হতেই আমি চলে আসছি।'– বাক্যটি কোন কালের উদাহরণ?
ⓚ ভবিষ্যৎ ⓛ বর্তমান
ⓖ নিত্যবৃত্ত অতীত ⓘ ঘটমান বর্তমান ঘ

৯. সৈয়দ ওয়ালীউল্লাহর 'একটি তুলসী গাছের কাহিনি' গল্পটি কোন ঐতিহাসিক প্রেক্ষাপটে লেখা?
ⓚ দেশবিভাগ ⓛ ভাষা আন্দোলন
গণ অভ্যুত্থান ⓘ মুক্তিযুদ্ধ ক

১০. কোনটি বাগ্ধারা?
ⓚ ব্যয়সাপেক্ষ ⓛ রজ্জুসর্প
ⓖ মনমাঝি ⓘ চাঁদের হাট ঘ

১১. 'আমার পথ' প্রবন্ধে কোনটিকে প্রবন্ধকার দম্ভ বলতে রাজি নন?
ⓚ নিজেকে চেনা ⓛ আপন অহংকার
ⓖ সত্য স্বীকারোক্তি ⓘ বিনয় ক

১২. 'ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটার অর্থই বদলে গেছে আপনার কাছে।'– উক্তিটি কার?
ⓚ ইংরেজ মহিলা ⓛ মার্টিন
ⓖ ওয়ালি খান ⓘ জগৎশেঠ খ

১৩. 'খুড়া মশাই ষোল আনা বাগান দখল করিয়া...?'– এই বাক্যে 'ষোল আনা' কোন বিশেষণ পদ?
ⓚ সংখ্যাবাচক বিশেষণ
ⓛ ক্রমবাচক বিশেষণ
ⓖ পরিমাণবাচক বিশেষণ
ⓘ অংশবাচক বিশেষণ গ

১৪. বাংলাদেশের জাতীয় সংগীতে কোন বিষয়টি প্রাধান্য

পেয়েছে?
ক বাংলার প্রকৃতি　খ বাংলার মানুষ
গ বাংলার ইতিহাস　ঘ বাংলার সংস্কৃতিক　ক

১৫. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'রাঘব' কে?
ক রাবণ　খ রামচন্দ্র
গ মেঘনাদ　ঘ বিভীষণ　খ

১৬. নিচের কোনটি অর্থানুযায়ী অনুজ্ঞাসূচক বাক্য নয়?
ক তুমি বাড়ি যাও।
খ দয়া করে তুমি বাড়ি যাও।
গ তুমি বাড়ি যেয়ো না।
ঘ কী ভয়াবহ ছিল তোমার বাড়ি যাওয়া!　ঘ

১৭. নিচের কোনটি রূঢ় বা রূঢ়ি শব্দ?
ক দৌহিত্র　খ পাঞ্জাবি
গ মন্দির　ঘ সুহৃদ　খ

১৮. একুশের কৃষ্ণচূড়ায় আমাদের কীসের রং রয়েছে?
ক চেতনার　খ রক্তের
গ বিদ্রোহের　ঘ তারুণ্যের　ক

১৯. 'ফুলের ফোটা সহজ, নদীর গতি সহজ নয়।'– উক্তিটি কোন রচনার অংশ?
ক আমার পথ　খ আহ্বান
গ জীবন ও বৃক্ষ　ঘ বিলাসী　গ

২০. 'বিলাসী' গল্পটি কোন পুরুষের জবানিতে লেখা?
ক নামপুরুষ　খ উত্তম
গ মধ্যম　ঘ কোনোটিই নয়　গ

২১. 'অন্ধকার হওয়ার আগেই ঘরে ফেরার চেষ্টা করো।'–বাক্যটির সঠিক ইংরেজি অনুবাদ কোনটি?
ক Try to get the home before darkness.
খ Try to get home before dark.
গ Try to getting home before darkness.
ঘ Try to get home before it is darkness.　খ

২২. বাংলা বর্ণমালায় কয়টি বর্ণে মাত্রা নেই?
ক ১২টি　খ ৮টি
গ ১০টি　ঘ ১১টি　গ

২৩. নিচের কোনটি জটিল বাক্যের উদাহরণ?
ক তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।
খ যেহেতু তিনি গীতের মর্ম বোঝেন না সেহেতু তিনি গীতার ধর্মও বোঝেন না।
গ সমাজের অপমানটা গায়ে না লাগলেও হৃদয়ে লাগে।
ঘ বলছিলাম, তুমি এখন যাও।　খ

২৪. 'জোরতলব' শব্দটির উৎস কী?
ক ফারসি　খ আরবি
গ উর্দু　ঘ তুর্কি　ক

২৫. 'তোমার বাবা–মা দেখি জাহেল কিসিমের মানুষ।'– 'লালসালু' উপন্যাসে এই কথা কাকে বলা হয়েছে?
ক রহিমা　খ হাসুনির মা
গ জমিলা　ঘ মজিদ　গ

২৬. কোন শব্দটি শুদ্ধ?
ক শ্রদ্ধাঞ্জলী　খ ক্ষীণজিবী
গ অনির্বাণ　ঘ বাহুল্যতা　গ

২৭. ব্যক্তিমানুষের অস্তিত্বকে স্বীকৃতি দেওয়া কোন দর্শনের মূলকথা?
ক আধুনিকতাবাদ　খ ভাববাদ
গ অস্তিত্ববাদ　ঘ সাম্যবাদ　গ

২৮. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কিংবদন্তি' কীসের প্রতীক?
ক অন্ধকারের　খ ঐতিহ্যের
গ অকল্যাণের　ঘ ভবিষ্যৎ প্রজন্মের　গ

২৯. পর্তুগিজ ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?
ক ১৭৪৩　খ ১৭৩৯
গ ১৭৪০　ঘ ১৭৪২　ক

৩০. 'পঙ্কজ' কোন সমাসের উদাহরণ?
ক সপ্তমী তৎপুরুষ সমাস
খ নঞ্ তৎপুরুষ সমাস
গ অলুক তৎপুরুষ সমাস
ঘ উপপদ তৎপুরুষ সমাস　ঘ

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**B1–উপ–ইউনিট: কলা ও মানববিদ্যা অনুষদ; চারুকলা, নাট্যকলা, সংগীত**

১. 'স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে।'– এখানে 'বিধু' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক নক্ষত্র　খ সূর্য
গ চাঁদ　ঘ ফুল　গ

২. 'রসনচৌকি' কোন বাদ্যযন্ত্রগুলোর ঐকতানবাদক?
ক শানাই, ঢোল, কাঁসি
খ শানাই, বাঁশি, কাঁসি
গ শানাই, তবলা, কাঁসি
ঘ শানাই, মৃদঙ্গ, কাঁসি　ক

৩. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
ক স্বরবৃত্ত　খ মাত্রাবৃত্ত
গ অক্ষরবৃত্ত　ঘ গদ্যছন্দ　খ

৪. 'দোজখের ওম' কী ধরনের গ্রন্থ?
ক গল্প　খ উপন্যাস
গ কাব্য　ঘ প্রবন্ধ　ক

৫. 'আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে।'– চরণটিতে জাতীয় জীবনের কোন দিকটি তুলে ধরা হয়েছে?
ক গণ আন্দোলন　খ ভাষা আন্দোলন
গ স্বাধীনতা আন্দোলন　ঘ স্বদেশি আন্দোলন　খ

৬. নিচের কোন কবি ফ্যাসিবাদ বিরোধী লেখক–শিল্পী সংঘের সাথে যুক্ত ছিলেন?
ⓚ শামসুর রাহমান ⓚ সুকান্ত ভট্টাচার্য
ⓖ আহসান হাবীব ⓖ কাজী নজরুল ইসলাম **খ**

৭. বিলাসীর মৃত্যু কীভাবে হয়েছিল?
ক) বিষপানে আত্মহত্যা করে
খ) গলায় রশি দিয়ে আত্মহত্যা করে
গ) শাড়ির আঁচলে ফাঁস দিয়ে আত্মহত্যা করে
ঘ) বিষপানে আত্মহত্যা করে **ক**

৮. নিচের কোন শব্দের উপসর্গটি 'নিকৃষ্ট' অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) পরাভব খ) অপকর্ম
গ) অপমান ঘ) উপভোগ **গ**

৯. অর্থগত দিক থেকে বাক্য কয় প্রকার?
ক) চার খ) পাঁচ
গ) ছয় ঘ) সাত **ঘ**

১০. 'কাকভূশণ্ডি' বাগ্‌ধারাটির অর্থ কী?
ক) কপট খ) দীর্ঘজীবী
গ) সংকীর্ণচেতা লোক ঘ) চালাক **খ**

১১. কোন শব্দটি শুদ্ধ?
ক) বৈশিষ্ট্যতা খ) সৌন্দর্যতা
গ) আধিক্যতা ঘ) সুন্দরতা **ঘ**

১২. 'ঐক্যতান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
ক) চিত্রা খ) জন্মদিনে
গ) মানসী ঘ) শেষ লেখা **খ**

১৩. 'পঞ্চাঙ্ক' কথাটা কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
ক) গান খ) নাটক
গ) গীতিকাব্য ঘ) উপন্যাস **খ**

১৪. মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' কোন শ্রেণির কবিতা?
ক) গাথা খ) গীতিকা
গ) এলিজি ঘ) চতুর্দশপদী **ঘ**

১৫. 'নেকলেস' গল্পটি সর্বপ্রথম কোন ভাষায় রচিত হয়েছিল?
ক) ইংরেজি খ) ফরাসি
গ) জার্মান ঘ) ইতালীয় **খ**

১৬. 'রেইনকোট' গল্পের রচয়িতার নাম কী?
ক) হাসান আজিজুল হক খ) আল মাহমুদ
গ) সেলিনা হোসেন ঘ) আখতারুজ্জামান ইলিয়াস **ঘ**

১৭. নিচের কোনটি গীতিকাব্য?
ক) তিলোত্তমাসম্ভব কাব্য খ) মেঘনাদবধ কাব্য
গ) ব্রজাঙ্গনা কাব্য ঘ) বীরাঙ্গনা কাব্য **গ**

১৮. নিচের কোনটি শুদ্ধ বানান?
ক) অভ্যন্তরীন খ) আভ্যান্তরীন
গ) অভ্যন্তরীণ ঘ) আভ্যন্তরীণ **গ**

১৯. নিচের কোনটি বীপ্সামূলক বিশেষণ পদ?
ক) হাসিহাসি মুখ খ) উপরি পাওনা
গ) কবেকার কথা ঘ) কোনোটিই নয় **ক**

২০. 'যার ভিতরে ভয়, সেই বাইরে ভয় পায়।'– গঠন অনুযায়ী এটি কোন ধরনের বাক্য?
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) কোনোটিই নয় **খ**

২১. কাজী নজরুল ইসলাম কোন পত্রিকাটি সম্পাদনা করেননি?
ক) বিজলী খ) লাঙল
গ) নবযুগ ঘ) ধূমকেতু **ক**

২২. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে কীসের সাথে তুলনা করা হয়েছে?
ক) নক্ষত্রের সাথে খ) ফুলের সাথে
গ) রক্তের সাথে ঘ) রৌদ্রের সাথে **ক**

২৩. 'মানুষ–ধর্মই সবচেয়ে বড় ধর্ম।'– উক্তিটি কোন রচনার অন্তর্ভুক্ত?
ক) আমার পথ খ) মানব–কল্যাণ
গ) আহ্বান ঘ) বিলাসী **ক**

২৪. নিচের কোনটি 'মানব' শব্দের প্রকৃতি + প্রত্যয়?
ক) মান + অব খ) মনু + ষ্ণ
গ) মা + নব ঘ) মনু + অ **খ**

২৫. কোনটি সঠিক বানান?
ক) মুহুর্মুহু খ) মুহূর্মুহু
গ) মুহুর্মূহু ঘ) মূহুর্মুহু **ক**

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬**
**D ইউনিট: সমাজবিজ্ঞান অনুষদ**

১. 'যে কবিতা শুনতে জানে না/সে সূর্যকে ______ ধরে রাখতে পারে না।' শূন্যস্থানে কী বসবে?
ক) হৃদয়ে খ) হৃৎপিণ্ডে
গ) মননে ঘ) অনন্ত **খ**

২. নিচের কোনটি অক্ষরবৃত্ত ছন্দের কবিতা?
ক) সোনার তরী খ) আঠারো বছর বয়স
গ) ফেব্রুয়ারি ১৯৬৯ ঘ) বিভীষণের প্রতি মেঘনাদ **ঘ**

৩. সুকান্ত ভট্টাচার্যের রচিত কাব্যগ্রন্থ নয় কোনটি?
ক) আকাল খ) ছাড়পত্র
গ) ঘুম নেই ঘ) পূর্বাভাস **ক**

৪. মজিদ কখন মহব্বতনগরে প্রবেশ করে?
ক) নিরাকপড়া দুপুরে খ) বিকালবেলা
গ) সন্ধ্যাবেলা ঘ) সূর্য হেলে পড়ার সময় **ক**

৫. মাদাম লোইসেলের ব্যথিত হওয়ার কারণ কী?
ক) পিতার দারিদ্র্য খ) স্বামীর অসুস্থতা
গ) বাসকক্ষের দারিদ্র্য ঘ) দামি গহনার অভাব **গ**

৬. ‘আমাদের পরীক্ষা চলছে।’– বাক্যটি কোন কালের উদাহরণ?
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ অনুজ্ঞা বর্তমান খ

৭. কোন বানানটি সঠিক?
ক বিদ্যোজন খ বিদ্বজন
গ বিদ্যোজন ঘ বিদ্যজন
**Note:** কোনোটিই নয়। শুদ্ধ বানান ‘বিদ্বজ্জন’।

৮. ‘প্রত্যেকে আমরা পরের তরে’– পঙ্ক্তিটির রচয়িতা কে?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ কামিনী রায়
গ কাজী নজরুল ইসলাম ঘ জসীমউদ্‌দীন খ

৯. ‘দাঁড়াও, বৃষ্টি শেষ হতে না হতেই আমি চলে আসছি।’–এটি কোন কালের উদাহরণ?
ক বর্তমান খ ভবিষ্যৎ
গ ঘটমান বর্তমান ঘ অতীত খ

১০. মণিপুরি জনগোষ্ঠী বাংলাদেশের কোন জেলায় বসবাস করে?
ক টাঙ্গাইল খ রংপুর
গ সিলেট ঘ খুলনা গ

১১. ‘পঙ্কজ’ কোন সমাসের উদাহরণ?
ক সপ্তমী তৎপুরুষ সমাস
খ নঞ্ তৎপুরুষ সমাস
গ অলুক তৎপুরুষ সমাস
ঘ উপপদ তৎপুরুষ সমাস ঘ

১২. নিচের কোন শব্দের উপসর্গটি ‘শেষ’ অর্থে ব্যবহৃত হয়েছে?
ক পরিশোধ খ পরিশুদ্ধ
গ পরিত্যাগ ঘ পরিমন্ডল ক

১৩. কোন সমাসে পরপদের অর্থের প্রাধান্য পায় না?
ক কর্মধারয় সমাস খ দ্বিগু সমাস
গ অব্যয়ীভাব সমাস ঘ তৎপুরুষ সমাস গ

১৪. ‘সাম্পান’ কোন ভাষার শব্দ?
ক পর্তুগিজ খ গুজরাটি
গ ফারসি ঘ চীনা ঘ

১৫. ‘Defendant’ শব্দের বাংলা পরিভাষা কোনটি?
ক বাদী খ সাক্ষী
গ বিবাদী ঘ প্রমাণ গ

১৬. ‘কোম্পানির ঘুষখোর ডাক্তার রাতারাতি সেনাধ্যক্ষ হয়ে বসেছে।’– এটি কার উক্তি?
ক হলওয়েল খ সিরাজ
গ উমিচাঁদ ঘ ক্লেটন খ

১৭. ‘ওয়াংগালা’ কাদের উৎসব?
ক সাঁওতাল খ গারো
গ মারমা ঘ তঞ্চঙ্গ্যা খ

১৮. ‘শিক্ষা’ শব্দটির মধ্যে কোন কোন বর্ণ রয়েছে?
ক শ, ক, ষ খ ষ, ক্ষ
গ শ, ক্ষ, স ঘ শ, ক, স ক

১৯. ‘অজুহাত’ কোন ভাষা থেকে আসা শব্দ?
ক উর্দু খ আরবি
গ হিন্দি ঘ ফারসি খ

২০. ‘আমরা পরের উপকার করব মনে করতে পারি, কিন্তু উপকার করতে পারি না।’– বাক্যটি কোন শ্রেণির?
ক সরল খ যৌগিক
গ জটিল ঘ বিস্ময়সূচক খ

২১. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়?
ক রাখাল খ পড়ন্ত
জ্বলন্ত ঘ ঢাকাই ঘ

২২. নিচের কোন শব্দটি ফারসি নয়?
ক রোজা খ নামাজ
গ চমন ঘ তালা ঘ

২৩. ‘আমি কিংবদন্তির কথা বলছি’– কবিতাটির রচয়িতা কে?
ক শামসুর রাহমান খ আল মাহমুদ
গ আবু জাফর ওবায়দুল্লাহ ঘ সৈয়দ শামসুল হক গ

২৪. ‘কলমা জান মিঞা?’– এ কথা মজিদ কাকে জিজ্ঞাসা করেছিল?
ক তাহের–কাদেরের বাবাকে
খ আক্কাসকে
গ ধলা মিঞাকে
ঘ আওয়ালপুরের পিরকে
**[Note]** মজিদ প্রশ্নটি দুদু মিঞাকে করে।

২৫. নবাব সিরাজউদ্দৌলার প্রধান গুপ্তচরের নাম কী?
ক নারান সিংহ খ নারান শেঠি
গ মদনলাল ঘ মোহনচাঁদ ক

২৬. ‘আইন–আদালত’– কোন সমাস দ্বারা সাধিত?
ক কর্মধারয় খ বহুব্রীহি
গ দ্বন্দ্ব ঘ অব্যয়ীভাব গ

২৭. স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?
ক পাঁচটি খ চারটি
গ তিনটি ঘ দুইটি খ

২৮. ‘উমেদারি’ শব্দের অর্থ কী?
ক ওজন খ পাখির গান
গ উন্মত্ত ঘ প্রার্থনা ঘ

২৯. ‘সে এলো এবং আমি গেলাম।’– বাক্যটি কোন শ্রেণির?
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ কোনোটিই নয় খ

৩০. ‘I can't but thank you for all these things.’–বাক্যটির সঠিক অনুবাদ কোনটি?

ⓚ এ সবের জন্য আমি আপনাকে ধন্যবাদ দিতে পারছি না।
ⓦ আমি আপনাকে ধন্যবাদ জানাই কিন্তু এ সবের জন্য পারছি না।
ⓖ আমি আপনাকে এ সবের জন্য ধন্যবাদ না জানিয়ে পারছি না।
ⓘ এ সবের জন্য কিন্তু আপনাকে ধন্যবাদ দেয়া উচিত। **গ**

## খুলনা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬
## C ইউনিট

১. 'বাংলা ভাষার জন্মকথা' প্রবন্ধের মূলভাব হলো, বাংলা ভাষার–
ⓚ উৎপত্তির ইতিহাস তুলে ধরা
ⓦ তথ্যধর্মী বিশ্লেষণ
ⓖ রূপতাত্ত্বিক বিশ্লেষণ
ⓘ ব্যাকরণধর্মী বিশ্লেষণ **ক**

২. কোন উচ্চারণটি ভুল?
ⓚ বাগী > বাগ্‌গি
ⓦ সম্বন্ধ > সম্‌মোন্ধো
ⓖ উদ্‌বিগ্ন > উদ্‌বিগ্‌নো
ⓘ আহবান > আওভান্ **খ**

৩. 'কর্তা' শব্দটির প্রকৃতি–প্রত্যয়ে কোন ধরনের স্বরগত পরিবর্তন সাধিত হয়েছে?
ⓚ সম্প্রসারণ ⓦ বৃদ্ধি
ⓖ গুণ ⓘ অপশ্রুতি **গ**

৪. কোনটি অনুকার দ্বিত্বের উদাহরণ?
ⓚ থক থক ⓦ চকচক
ⓖ হাতে হাতে ⓘ ঘর–টর **ঘ**

৫. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে পড়বার ও বোঝবার বিষয় কোনটি?
ⓚ নাটক ⓦ প্রবন্ধ
ⓖ ছড়া ⓘ কাব্য **ঘ**

৬. 'রক্তজবা' কোন সমাসের দৃষ্টান্ত?
ⓚ সাধারণ কর্মধারয় ⓦ উপমিত কর্মধারয়
ⓖ উপমান কর্মধারয় ⓘ রূপক কর্মধারয় **খ**

৭. শুদ্ধ শব্দজোড় কোনটি?
ⓚ বিদ্যান, শিরচ্ছেদ ⓦ আকাঙ্ক্ষা, অপরাহ্ন
ⓖ সত্ত্বা, পিপিলিকা ⓘ সত্তা, মরীচিকা **ঘ**

৮. 'মরি মরি। কি সুন্দর প্রভাতের রূপ।'– বাক্যে 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?
ⓚ সমন্বয়ী ⓦ অনন্বয়ী
ⓖ পদান্বয়ী ⓘ অনুকার **খ**

৯. চন্দ্রবিন্দু ( ঁ ) কী?
ⓚ যুক্তবর্ণ ⓦ বিশেষ চিহ্ন
ⓖ স্বরচিহ্ন ⓘ ব্যঞ্জনবর্ণ **ঘ**

১০. 'সূক্তি' শব্দের অর্থ কী?
ⓚ সুন্দর ⓦ সুবচন
ⓖ সুচেতা ⓘ স্মৃতি **খ**

## কুমিল্লা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬
## A ইউনিট (মানবিক)

১. কোন সমাসে পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়?
ⓚ কর্মধারয় ⓦ বহুব্রীহি
ⓖ অব্যয়ীভাব ⓘ দ্বন্দ্ব **ক**

২. 'নবদম্পতির প্রেমালাপ' কবিতাটির অংশবিশেষ কোন রচনায় ব্যবহার করা হয়েছে?
ⓚ আত্মচরিত ⓦ অর্ধাঙ্গী
ⓖ যৌবনের গান ⓘ রেইনকোট **খ**

৩. পদের আদ্য ব্যঞ্জনবর্ণ ব–ফলা সংযুক্ত হলে সেই ব–ফলার উচ্চারণ কেমন হয়?
ⓚ দ্বিত্ব হয়
ⓦ 'ম'–এর মতো উচ্চারিত হয়
ⓖ উচ্চারিত হয় না
ⓘ নাসিক্য প্রভাবিত হয় না **গ**

৪. 'মজিদ যখন _____ গ্রামে পৌঁছাল তখন সূর্য হেলে পড়েছে।' শূন্যস্থানে কী হবে?
ⓚ আওয়ালপুর ⓦ তানোর
ⓖ বারাকপুর ⓘ মগরা **ক**

৫. 'প্রতিদান' কবিতায় কবি 'বাণ' নিক্ষেপকারীকে কী প্রদান করেন?
ⓚ ঘৃণা ⓦ ফুল
ⓖ গান ⓘ ঘর **গ**

৬. 'Manuscript'–এর পারিভাষিক রূপ কোনটি?
ⓚ দস্তাবেজ ⓦ হস্তলিখিত
ⓖ উৎকীর্ণ ⓘ জাদুঘর **খ**

৭. 'বিদ্রোহী' কবিতা কোন পত্রিকায় প্রকাশিত হয়?
ⓚ নবযুগ ⓦ বিজলী
ⓖ মাসিক মোহাম্মদী ⓘ সবুজপত্র **খ**

৮. 'দেশের স্বার্থের জন্য নিজেদের স্বার্থ তুচ্ছ করে আমরা নবাবের আজ্ঞাবহ হয়েই থাকব।'– উক্তিটি কে করেছেন?
ⓚ রাজবল্লভ ⓦ রায়দুর্লভ
ⓖ জগৎশেঠ ⓘ মিরজাফর **ঘ**

৯. 'অবশ্য দখল একদিন তিনি পাইয়াছিলেন বটে, কিন্তু সে জেলা–আদালতে নালিশ করিয়া নয়– ওপরের আদালতের হুকুমে।'– এখানে কীসের দখলের কথা বলা হয়েছে?
ⓚ মন্ত্রপূত মাদুলির দখল

(খ) সাপুড়ের মেয়ে বিলাসীর দখল
(গ) আম-কাঁঠালের বাগানের দখল
(ঘ) সুদক্ষিণা অর্জনের দখল — গ

১০. ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় নয় কোনটি?
(ক) উচ্চারণের স্থান (খ) ধ্বনির প্রতীক
(গ) বচন (ঘ) ষত্ব বিধান — গ

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫-২৬**
**B ইউনিট (মানবিক)**

১. কত বছর বয়সে কাজী নজরুল ইসলাম পিতাকে হারান?
(ক) ৮ (খ) ৯
(গ) ১০ (ঘ) ১২ — খ

২. 'মাসি-পিসি' গল্পে চায়ের দোকান কোথায় অবস্থিত?.
(ক) পুলের কাছে (খ) গঞ্জের বাজারে
(গ) খালের ধারে (ঘ) কাছারি বাড়িতে — ক

৩. 'ক্ষুদ্রতা' অর্থে ব্যবহৃত হয়েছে কোনটি?
(ক) প্রতিকূল (খ) অনুভব
(গ) প্রত্যজ্ঞা (ঘ) আজীবন — গ

৪. 'অপরাজেয় বাংলা' কোন শ্রেণির বিশেষ্য?
(ক) স্থাননাম (খ) সৃষ্টিনাম
(গ) কালনাম (ঘ) ব্যক্তিনাম — খ

৫. সিরাজউদ্দৌলা শহিদ হন কবে?
(ক) ২ জুলাই ১৭৫৭ (খ) ৫ জুলাই ১৭৫৭
(গ) ৩০ জুলাই ১৭৫৭ (ঘ) ২৩ জুন ১৭৫৭ — ক

৬. সরল বাক্যে অনেক সময় কোনটি অনুপস্থিত থাকে?
(ক) বিশেষণ (খ) বিশেষ্য
(গ) সর্বনাম (ঘ) ক্রিয়া — ঘ

৭. কোনটি আরবি উপসর্গ?
(ক) কার (খ) বদ
(গ) দর (ঘ) গর — ঘ

৮. প্রবন্ধের কোন অংশে মূলবক্তব্য থাকে?
(ক) প্রথম অংশে (খ) দ্বিতীয় ও শেষ অংশে
(গ) মধ্য অংশে (ঘ) শেষ অংশে — খ

৯. 'Virtue proclaims itself'-এর অনুবাদ হবে–
(ক) দুঃখের পরিণতি সুখে
(খ) ধর্মের ঢাক আপনি বাজে
(গ) তিলকে তাল করা
(ঘ) দূরের জিনিস ভালো মনে হয় — খ

১০. 'অপরিচিতা' গল্পে কল্যাণীর বিয়ে না করার সিদ্ধান্তের কারণ কী?
(ক) পিতৃ আদেশ (খ) লোকসজ্জা
(গ) ক্ষোভ (ঘ) আত্মমর্যাদা — ঘ

১১. কোন বানানটি শুদ্ধ?
(ক) স্বায়ত্বশাসন (খ) স্বায়ত্তশাসন
(গ) শায়ত্বশাসন (ঘ) সায়ত্বশাসন — খ

১২. 'তোহাই' কোন প্রকার সংখ্যাবাচক শব্দ?
(ক) সাধারণ (খ) ভগ্নাংশ পূরণবাচক
(গ) তারিখ (ঘ) ক্রমবাচক — গ

১৩. কোন সমাসে পূর্বপদ বা পরপদ কোনোটির অর্থ না বুঝিয়ে অন্য কিছু বোঝায়?
(ক) বহুব্রীহি (খ) কর্মধারয়
(গ) দ্বন্দ্ব (ঘ) তৎপুরুষ — ক

১৪. 'চশমা' কোন ভাষার শব্দ?
(ক) তুর্কি (খ) আরবি
(গ) ফারসি (ঘ) পর্তুগিজ — গ

১৫. 'মিছিল' কোন পদের উদাহরণ?
(ক) বিশেষ্য (খ) বিশেষণ
(গ) সর্বনাম (ঘ) ক্রিয়া — ক

১৬. 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয়ের কত বিঘা জমি ছিল?
(ক) বারো-তেরো (খ) দশ-বারো
(গ) পনেরো-কুড়ি (ঘ) কুড়ি-পঁচিশ — ঘ

১৭. 'রেইনকোট' গল্পের নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন?
(ক) ভূগোল (খ) পদার্থ
(গ) আরবি (ঘ) কেমিস্ট্রি — ঘ

১৮. রবীন্দ্রনাথ ঠাকুরের সর্বশেষ গল্পটির নাম কী?
(ক) ভিখারিনী (খ) ঘাটের কথা
(গ) মুসলমানীর গল্প (ঘ) সমাপ্তি — গ

১৯. নিত্যপুরুষবাচক শব্দ কোনটি?
(ক) সপত্নী (খ) কৃতদার
(গ) দাদা (ঘ) সভাপতি — খ

২০. 'পকেট মারা' গঠন হিসেবে কোন ক্রিয়ার উদাহরণ?
(ক) প্রযোজক (খ) সরল
(গ) সংযোগ (ঘ) যৌগিক — গ

২১. 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদক কে?
(ক) সৈয়দ ওয়ালীউল্লাহ্ (খ) সৈয়দ আলী আহসান
(গ) কবির চৌধুরী (ঘ) সিরাজুল ইসলাম চৌধুরী — ক

২২. মানিক বন্দ্যোপাধ্যায়ের পৈতৃক বাড়ি কোথায়?
(ক) বরিশাল (খ) যশোর
(গ) বিক্রমপুর (ঘ) টাঙ্গাইল — গ

২৩. 'অলখ' শব্দের অর্থ কী?
(ক) কলসি (খ) অলংকার
(গ) কুলা (ঘ) দৃষ্টির অগোচরে — ঘ

২৪. ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি কোনগুলো?
(ক) খ, ছ (খ) ট, ঠ
(গ) ত, ব (ঘ) ধ, ভ — ঘ

২৫. নিচের কোনটি উপাদানবাচক নামবিশেষণ?
(ক) প্রথমা কন্যা (খ) তাজা মাছ

ⓖ নীল আকাশ ⓘ পাথুরে মূর্তি ● ঘ

## কুমিল্লা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০২৫–২৬
## C ইউনিট (মানবিক)

১. 'নেমে পড়েছে'– কোন ক্রিয়ার উদাহরণ?
ⓚ প্রযোজক ক্রিয়া ⓛ যৌগিক ক্রিয়া
ⓖ সংযোগমূলক ক্রিয়া ⓘ দ্বিকর্মক ক্রিয়া ● খ

২. নিচের কোনটি 'অন্ধের যষ্ঠি'–এর অর্থ প্রকাশ করছে?
ⓚ এক কথার মানুষ ⓛ একমাত্র অবলম্বন
ⓖ ভাগ্যের খেলা ⓘ দুর্লভ বস্তু ● খ

৩. কোনটি মৌলিক শব্দ নয়?
ⓚ চাঁদমুখ ⓛ হাত
ⓖ গোলাপ ⓘ লাল ● ক

৪. ফারসি উপসর্গ নয় কোনটি?
ⓚ দর ⓛ বর
ⓖ পর ⓘ কম ● গ

